উপজেলা পরিষদ কার্যালয়
বোরহানউদ্দিন, ভোলা।

বোরহানউদ্দিন উপজেলা পরিষদের মার্চ-২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : আবুল কালাম, চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।
স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ, বোরহানউদ্দিন, ভোলা।
তারিখ : ১৪ মার্চ, ২০২১ খ্রি. রোজ: রবিবার, সময়: দুপুর ১২:০০ ঘটিকা।

উপস্থিত সদস্যগণের হাজিরা আলাদা রেজিস্টারে লিপিবদ্ধ আছে

সভায় উপস্থিত সকলকে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও মুজিববর্ষের শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কাজ শুরু করেন। সভার শুরুতে গভীর শ্রদ্ধার সাথে স্মরণ করা হয় সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানকে, যার জন্ম না হলে বাংলাদেশ স্বাধীন হতো না। একই সাথে স্বাধীনতা যুদ্ধে শহীদ মুক্তিযোদ্ধাদের আত্মার প্রতি গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। উপজেলা নির্বাহী অফিসার স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী ও জাতীয় শিশু দিবস; ২৫ মার্চ গণহত্যা দিবস এবং ২৬ মার্চ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস ২০২১ উদ্‌যাপনের সকলের আন্তরিক সহযোগিতা এবং স্বতঃস্ফূর্ত অংশগ্রহণ করার জন্য অনুরোধ জানান। অতঃপর বিগত সভার মন্তব্য পাঠ করে শুনানো হলে কোনো সংশোধনী বা আপত্তি না থাকায় উহা সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। পরবর্তীতে উপজেলার বিভিন্ন বিভাগের কর্মকন্ড নিয়ে বিস্তারিত আলোচনা শেষে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
১	**উপজেলা কৃষি বিভাগ** উপজেলা কৃষি অফিসার, বোরহানউদ্দিন সভায় উপস্থাপন করেন যে, উপজেলা নির্বাহী অফিসার, বোরহানউদ্দিন এর বাসভবনের সম্মুখে অবস্থিত বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর জরাজীর্ণ অফিস কাম গোডাউন ভেঙ্গে নতুন ভবন করার প্রক্রিয়া চলমান । কিন্তু ভুলক্রমে সহকারী প্রকৌশলী (সওকা), বিএডিসি, ভোলা জোন, ভোলা ০১/১০/২০২০ খ্রি. তারিখের ২১৫নং স্মারক মোতাবেক তার প্রেরিত পত্রে অফিস কাম গোডাউন না লিখে ভুলক্রমে অফিস ভবন ও গোডাউন ভবনসমূহ (০২টি ভবন) লেখার কারণে উপজেলা প্রকৌশলী (এলজিইডি), বোরহানউদ্দিন, বিএডিসি ভবনের পূর্ব পাশে অবস্থিত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মালিকানাধীন গোডাউনটিও বিএডিসি এর মনে করে প্রাক্কলন প্রস্তুতপূর্বক ভাঙ্গার ব্যবস্থা গ্রহণে উর্ধ্বতন কর্তৃপক্ষের নিকট পত্র অগ্রায়ণ করেন। বিএডিসি এর অফিস ভবন কাম গোডাউন/অফিস ভবন কাম স্টোর/ অফিস ভবন ও গোডাউন ভবন যে নামেই উল্লেখ করা হোক ভবন মূলত একটি। তাই, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পুরানো গোডাউনটি বিএডিসি এর বলার কোন সুযোগ নেই। তাছাড়া, কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পুরানো গোডাউনটি এ মূহুর্তে ভাঙ্গার কোন নির্দেশনা/ প্রয়োজনীয়তা নেই। এমতাবস্থায়, বিএডিসি ও এলজিইডি এর ভূল বুঝাবুঝির প্রেক্ষিতে যাতে কৃষি বিভাগের গোডাউনটি ভাঙ্গা না হয় সে ব্যাপারে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে সভায় অনুরোধ করা হয়।	ক. উপজেলা নির্বাহী অফিসারের বাসভবনের সম্মুখে অবস্থিত কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের পুরানো গোডাউনটি এ মুহূর্তে ভাঙার প্রয়োজন নেই। তবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের অনুমোদনক্রমে বিএডিসির ভবন অপসারণ করা যাবে; খ. মাঠ পর্যায়ে কৃষকদের কাজ তদারকী কার্যক্রমে জোরদারকরণে কার্যকর পদক্ষেপ গ্রহণ করতে হবে।	১. উপজেলা কৃষি অফিসার ২. উপজেলা প্রকৌশলী ৩. সহকারী প্রকৌশলী (বিএডিসি)

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
২.	**জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর** উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর সভায় জানান, 'সমগ্র বাংলাদেশ পানি সরবরাহ' শীর্ষক প্রকল্পের আওতায় ২০১৯-২০২০ অর্থবছরে বরাদ্দকৃত ২৩৪টি গভীর নলকূপের মধ্যে ২০৬টি নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে এবং অবশিষ্ট কাজ চলমান রয়েছে। অত্র প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থবছরে ২৩৪টি গভীর নলকূপের ইতোমধ্য কার্যাদেশ পাওয়া গিয়েছে বিধায় অনতিবিলম্বে স্থান তালিকা সরবরাহের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। পল্লী অঞ্চলে পানি সরবরাহ প্রকল্পের আওতায় ২০২০-২১ অর্থবছরে বরাদ্দকৃত ৬৪টি গভীর নলকূপ স্থাপন সম্পন্ন হয়েছে। তিনি আরও জানান, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, বোরহানউদ্দিন উপজেলা কম্পাউন্ডের সীমানা প্রাচীর সংলগ্ন ঝুঁকিপূর্ণ অবস্থায় ৪টি রাজ কড়াই ও ৪টি মেহগনি মোট ৮টি গাছ বিদ্যমান রয়েছে। যা জনস্বার্থে কর্তন করা আবশ্যক। এছাড়া দপ্তরের অন্যান্য কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	ক. নলকূপ স্থাপন কাজের গুণগতমান সঠিক রাখতে হবে; খ. বিধি মতোবেক জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তরের সীমানা প্রাচীর সংলগ্ন ৮টি গাছ কর্তনের সিদ্ধান্ত গৃহীত হয়; গ. মুজিব বর্ষের ভূমিহীন ও গৃহহীনদের জন্য নির্মিত ঘরসমূহের বাসিন্দাদের জন্য জরুরি ভিত্তিতে নলকূপ স্থাপন করতে হবে।	উপ সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর
৩.	**উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা বিভাগ** স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা সভায় জানান, স্বাস্থ্য মন্ত্রণালয়ের নির্দেশনা অনুযায়ী সকল শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীদের আবশ্যিকভাবে টিকা গ্রহণ করতে হবে। তিনি আরও জানান, ইতোমধ্যে বোরহানউদ্দিন উপজেলায় ৬৪৮১ জন টিকা গ্রহণের জন্য রেজিস্ট্রেশন করেছেন। তার মধ্যে ৬২৭৯ জন টিকা গ্রহণ করেছেন। রেজিস্ট্রেশনকৃত ২০২ জন এখনও টিকা গ্রহণ করেননি। এছাড়া আরও ৫২৯ জন টিকা গ্রহণ করতে পারবেন। তিনি উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স দালালমুক্ত করণের জন্য সলকের আন্তরিক সহযোগিতা চান। তিনি জানান, কোনোভাবেই হাসপাতাল দালালমুক্ত করা যাচ্ছে না। আকস্মিক পরিদর্শন করে ভ্রাম্যমান আদালত পরিচালনার জন্য তিনি উপজেলা নির্বাহী অফিসার ও সহকারী কমিশনার (ভূমি) এর দৃষ্টি আকর্ষণ করেন। বড়মানিকা ইউপি চেয়ারম্যান জানান, অতীতের তুলানায় বোরহানউদ্দিন উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্স এর সেবার মান নিঃসন্দেহে ভালো। সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে UH&FPO জানান, বোরহানউদ্দিন স্বাস্থ্য কমপ্লেক্স এর সামনের ডায়াগনস্টিক সেন্টারগুলোতে অভিযান পরিচালনা করা হয়েছে। আশা করা যায় ডায়াগনস্টিক সেন্টারগুলোতে এখন আর মেয়াদ উত্তীর্ণ মেডিসিন নেই। তিনি আরও জানান, হাসপাতালে প্রায় সকল ধরণের পরীক্ষা-নিরীক্ষা হয়। যা সাধারণ ডায়াগনস্টিক এর চেয়ে অনেক কমমূল্যে। সকলকে সরকারি সেবা গ্রহণের জন্য অনুরোধ জানান।	ক. শিক্ষক-কর্মচারীদের আবশ্যিকভাবে টিকা গ্রহণ করতে হবে; খ. স্বাস্থ্য কমপ্লেক্স এ মোবাইল কোর্ট পরিচালনা করে দালালদের দৌরাত্ম্য নির্মূল করতে হবে; গ. কোভিড-১৯ টিকা গ্রহণে সকলকে উদ্বুদ্ধ করতে হবে; ঘ. স্বাস্থ্য সেবা গ্রহীতাদের যাবতীয় সকল ধরণের পরীক্ষা-নিরীক্ষা হাসপাতাল থেকে বাধ্যতামূলকভাবে করতে হবে; ঙ. অবৈধ ফার্মেসি এবং ডায়গনস্টিক সেন্টারগুলোতে নিয়মিতভাবে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার ২. সহকারী কমিশনার (ভূমি) ৩. উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
৪.	**উপজেলা মহিলা বিষয়ক অধিদপ্তর** উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা সভায় জানান, গত ৮ মার্চ আন্তর্জাতিক নারী দিবস ২০২১ যথাযোগ্য মর্যাদায় উদ্‌যাপিত হয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে।	বিধবা/ স্বামী পরিত্যাক্তা ও প্রতিবন্ধী নারীদের ভিজিএফ চাল বিতরণ ও ভাতা বিতরণে সর্বোচ্চ গুরুত্বারোপ করতে হবে।	উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা
৫	**উপজেলা মৎস্য দপ্তর** সিনিয়র উপজেলা মৎস্য অফিসার সভায় জানান যে, গত ০১ মার্চ থেকে ৩০ এপ্রিল, ২০২১ পর্যন্ত দুই মাসব্যাপী মেঘনা-তেতুলিয়া নদীতে মৎস্য অভয়াশ্রম এ অভিযান চলমান রয়েছে। অভিযান পরিচালনা করে ১৪টি মামলা দয়ের করা হয়েছে। ৫ জনকে অর্থদন্ড প্রদান করা এবং ৯ জনকে কারাদন্ড প্রদান করা হয়। বিভিন্ন বাজারে অভিযান পরিচালনা অব্যাহত রয়েছে।	মৎস্য অভয়াশ্রম নিশ্চিতকল্পে মার্চ-এপ্রিল মাসে নিয়মিত মৎস্য বিভাগ, পুলিশ বিভাগ ও প্রশাসনের সমন্বয়ে মোবাইল কোর্ট পরিচালনা করতে হবে।	১. উপজেলা নির্বাহী অফিসার ২. সহকারী কমিশনার (ভূমি) ৩. সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা ৪. অফিসার ইনচার্জ, বোরহানউদ্দিন থানা ৫. ইউপি চেয়ারম্যান (সকল)
৬	**উপজেলা পল্লী উন্নয়ন** উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জানান যে, সমিতির মাধ্যমে ঋণ বিতরণ ও আদায় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। খেলাপী ঋণ আদায়ে সকলের সার্বিক সহযোগিতা কামনা করেন।	দারিদ্র্য বিমোচনে উৎপাদনমুখী প্রকল্পে ঋণ বিতরণ এবং খেলাপী ঋণ আদায়ে সার্টিফিকেট মামলা দায়ের করার সিদ্ধান্ত গৃহীত হয়।	১. উপজেল পল্লী উন্নয়ন কর্মকর্তা ২. ইউপি চেয়ারম্যান (সকল)
৭	**উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস** একাডেমিক সুপারভাইজার জানান, বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। এছাড়া অনলাইনের মাধ্যমে শিক্ষার্থীদের পাঠদান কার্যক্রম চলমান রয়েছে।	ক. অনলাইন পাঠদান কার্যক্রম সুচারুরূপে পরিচালনার সিদ্ধান্ত গৃহীত হয়;	উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
৮.	**প্রাথমিক শিক্ষা বিভাগ** প্রাথমিক শিক্ষা অফিসার জানান যে, শিক্ষার্থীদের অনলাইন পাঠদান চলমান রয়েছে। শিক্ষকগণ প্রতিনিয়ত Home Visit করছেন, সাথে সাথে শিক্ষার্থীদের বাড়ির কাজ পরিদর্শন করছেন এবং শিক্ষার্থীদের সার্বিক বিষয়ে খোঁজ-খবর নিচ্ছেন। তিনি আরও জানান, প্রাথমিকের সকল শিক্ষকদের বেতন EFT এর আওতায় নিয়ে আসার লক্ষ্যে কার্যক্রম চলমান। আগামী মাসের মধ্যে সকল শিক্ষকের EFT কার্যক্রম শেষ হবে বলে আশাবাদ ব্যক্ত করেন। সভাপতি জুনের প্রথম সপ্তাহের মধ্যে সকল উন্নয়ন কার্যক্রম বাস্তবায়ন করতে হবে। যাতে বছর শেষে কাজ অসম্পূর্ণ রেখে বিল উত্তোলন না হয়।	ক. শিক্ষার্থীদের Home Visit তদারকি করতে হবে; খ. সকল শিক্ষকদের বেতন ভাতা কার্যক্রম এর মাধ্যমে পরিশোধের উদ্যোগ গ্রহণ করতে হবে।	১. উপজেলা শিক্ষা অফিসার ২. প্রধান শিক্ষক (সকল)
৯	**উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ** উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা জানান, তার বিভাগীয় কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	উপজেলা পরিবার পরিকল্পনা দপ্তরের কাজের ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে।	উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা
১০	**উপজেলা সমাজসেবা দপ্তর:** উপজেলা সমাজসেবা অফিসার জানান যে, বয়স্কভাতা, বিধবা/স্বামী পরিত্যাক্তাভাতা, প্রতিবন্ধিভাতা এবং মুক্তিযোদ্ধা সম্মানিভাতা বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। এছাড়া দাপ্তরিক কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান।	সামাজিক বেষ্টনীয় আওতায় সকল ভাতাভোগীদের তথ্য MIS এ এন্ট্রির করতে হবে।	১. উপজেলা সমাজসেবা অফিসার ২. চেয়ারম্যান, ইউপি (সকল)

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
১১	**উপজেলা যুব উন্নয়ন অধিদপ্তর:** উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জানান, বিভিন্ন ক্যাটাগরিতে যুবক-যুবতিদের প্রশিক্ষণ এবং ঋণ বিতরণ কার্যক্রম চলছে। অত্র দপ্তরের ঋণ বিতরণ ও আদায়ের হার ১০০% এবং অন্যান্য কার্যক্রম সন্তোষজনকভাবে পরিচালিত হচ্ছে।	ক. আত্মকর্মসংস্থা সৃষ্টির লক্ষ্যে যুব-যুবতীদের বিভিন্ন ট্রেডে প্রশিক্ষিত করতে হবে; খ. ঋণ আদায়ে সর্বোচ্চ আন্তরিক হতে হবে।	উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
১২	**উপজেলা সমবায় বিভাগ** উপজেলা সমবায় কর্মকর্তা জানান, অত্র উপজেলায় বিভাগীয় প্রাথমিক সমিতির ২০১৯-২০২০ সনের লক্ষমাত্র অনুযায়ী যথানিয়মে ১০০% বার্ষিক অডিট সম্পাদন করা হয়েছে এবং অডিট প্রতিবেদন যথাস্থানে প্রেরণ করা হয়েছে। ধার্যকৃত অডিট ফি ও সিডিআর বাবদ ৬০,৫৫০/- টাকা আদায় করে ট্রেজারি চালানের মাধ্যমে সরকারি কোষাগারে জমা প্রদান করা হয়। ফুলকাচিয়া আশ্রয়ণ ফেইজ-২ প্রকল্পে যে সকল সদস্য ঋণ পরিশোধ করেছেন সে সকল সদস্যকে ঋণ প্রদান করার প্রস্তাব করেন। সমিতির নিবন্ধন, পরিদর্শন, প্রশিক্ষণ ও অডিটসহ অন্যান্য কার্যক্রম ধারাবাহিকভাবে চলছে।	ক. যে সকল সদস্য ইতোমধ্যে ঋণ পরিশোধ করেছেন সে সদস্যদের যদি ঋণ প্রাপ্তির লক্ষ্যে আবেদন করেন তবে তাদের অনুকূলে পুনরায় ঋণ প্রদান করা হবে; খ. সমবায় সমিতির নিবন্ধন, পরিদর্শন, প্রশিক্ষণ ও অডিট কার্যক্রম জোড়দার করতে হবে।	উপজেলা সমবায় অফিসার
১৩	**স্থানীয় সরকার প্রকৌশল অধিদপ্তর (এলজিইডি)** উপজেলা প্রকৌশলী সভায় জানান যে, উপজেলা পরিষদের পুকুর ও মসজিদের পুকুর খননের কাজ LGED থেকে অনুমোদন হওয়ায় খননকৃত মাটি দ্বারা পরিষদের অভ্যন্তরীণ নিচু জমি ভরাট করা যেতে পারে। ২০২০-২০২১ অর্থবছরের ADP অর্থায়নে গৃহীত সকল স্কীমের টেন্ডার সম্পন্ন হয়েছে। কাজের অগ্রগতি ৪০%। সকল পূর্ত কাজ জুনের ১ম সপ্তাহের মধ্যে শেষ করতে হবে যাতে বিল প্রদানে কোনোরূপ অসুবিধার সৃষ্টি না হয়।	ক. উপজেলা পরিষদের পুকুরের মাটি দ্বারা প্রথমে উপজেলা পরিষদের মধ্যে অবস্থিত নিচু জমি ভরাট করতে হবে। তারপরও মাটি থাকলে প্রয়োজনে বিক্রি করতে হবে; খ. সকল পূর্ত কাজ জুনের ১ম সপ্তাহের মধ্যে শেষ করতে হবে যাতে বিল প্রদানে কোনরূপ অসুবিধার সৃষ্টি না হয়।	উপজেলা প্রকৌশলী (এলজিইডি)
১৪	**উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ** উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা সভায় জানান, ২০২০-২০২১ অর্থবছরে ২য় পর্যায়ে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) খাতে ১৯,৫৮,০২১/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে এবং গ্রামীণ অবকাঠামো সংরক্ষণ (কাবিটা) খাতে ২৫,৫৯,১৫৫/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছি। বরাদ্দের অনুকূলে ইতোমধ্যে প্রকল্প গ্রহণ করা হয়েছে এবং প্রকল্পের কার্যক্রম চলমান রয়েছে। ২০২০-২০২১ অর্থবছরে ৩য় পর্যায়ে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) খাতে ২৯,৩৭,০৩২/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছে এবং গ্রামীণ অবকাঠামো সংরক্ষণ (কাবিটা) খাতে ৫৫,২৫,৬৯৭/- টাকা বরাদ্দ পাওয়া গিয়েছি। ৩য় পর্যায়ের জন্য প্রকল্প গ্রহণ করা হবে। জরুরি ভিত্তিতে প্রকল্প তালিকা প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণ করেন। তিনি আরও জানান, মৎস্য ভিজিএফ বিতরণের লক্ষ্যে বিভাজন করা হয়েছে। তালিকা প্রাপ্তি সাপেক্ষে তাৎক্ষণিক ফেব্রুয়ারি-মার্চ, ২০২১ মাসের DO প্রদান করা হবে।	ক. সকল কাজে তদারকি বৃদ্ধি করতে হবে; খ. দপ্তরের কার্যক্রমের ধারা অব্যাহত রাখতে হবে। গ. ২০২০-২০২১ অর্থবছরের ৩য় পর্যায়ে টিআর এবং কাবিটা খাতে জরুরি ভিত্তিতে প্রকল্প প্রস্তাব প্রেরণ করতে হবে; ঘ. মৎস্য ভিজিএফ বিতরণের ক্ষেত্রে সর্বোচ্চ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।	উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
১৫	**আমার বাড়ি আমার খামার (পল্লী সঞ্চয় ব্যাংক)** উপজেলা নির্বাহী অফিসার জানান, আমার বাড়ি আমার খামার প্রকল্পের আওতায় বিপুল পরিমাণ ঋণ বিতরণ করা হয়েছে। বর্তমানে প্রায় ৫ কোটি টাকা ঋণ খেলাপি রয়েছে। ঋণ খেলাপিদের তালিকা প্রস্তুত করে আগামী ৭ দিনের মধ্যে তাদের অনুকূলে চিঠি প্রেরণ করুন। এ বিষয়ে তিনি সংশ্লিষ্ট ইউপি চেয়ারম্যানদের সহযোগিতা কামনা করেন।	খেলাপী ঋণ গ্রহীতাদের তালিকা প্রণয়ন করে খেলাপি ঋণ আদায় জোরদার করে হবে।	সমন্বয়কারী, আমার বাড়ি আমার খামার।
১৬	**প্রাণিসম্পদ অধিদপ্তর** ভেটেরিনারি সার্জন জানান, তার দাপ্তিরক কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে।	প্রাণিসম্পদ বিভাগের কাজের ধারাবাহিকতা এবং সেবা প্রদান অব্যাহত রাখতে হবে।	উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা
১৭	**খাদ্য অধিদপ্তর:** উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জানান, বোরহানউদ্দিন উপজেলায় Apps এর মাধ্যমে এবছর ধান গ্রহণ করা হবে। যে সকল কৃষকে ধান দিতে ইচ্ছুক তাদেরকে Apps এর মাধ্যমে রেজিস্ট্রেশন করতে হবে। কৃষরা ইউনিয়ন ডিজিটাল সেন্টার থেকে Apps এ রেজিস্টেশন করতে পারবে। এছাড়া কৃষকদের নিবন্ধন সংক্রান্ত বিষয়ে কোনো জটিলতা থাকলে খাদ্য অধিদপ্তর সার্বিক সহযোগিতা করবেন।	ক. Apps এ রেজিস্টেশন বিষয়েক কৃষকদের সহযোগিতা প্রদান করতে হবে; খ. কৃষকদের নিকট হতে ঋণ সংগ্রহের বিষয়ে সর্বোচ্চ স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে।	১. উপজেলা খাদ্য নিয়ন্ত্রক ২. ইউপি চেয়ারম্যান (সকল) ৩. উদ্যোক্তা, ইউডিসি (সকল)
১৮	**বন বিভাগ:** উপজেলা বন কর্মকর্তার প্রতিনিধি জানান, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। নার্সারিতে চারা উৎপাদন কার্যক্রম চলছে। যা নিয়মিত পরিচর্যা করা হচ্ছে।	নার্সারি নিয়মিত পরিচর্যা করতে হবে।	উপজেলা বন কর্মকর্তা
১৯	**বিবিধ** (ক) সভায় ভাইস চেয়ারম্যান জানান, তার দপ্তরের টেবিল, চেয়ার এবং দর্শনার্থীদের জন্য ব্যবহৃত চেয়ারসমূহ বর্তমানে ব্যবহারের অনুপযোগী হয়ে পড়েছে বিধায় নতুন আসবাবপত্র ক্রয় করা প্রয়োজন। এ সময়ে উপজেলা নির্বাহী অফিসার বলেন, তার দপ্তরের দর্শনার্থীদের ব্যবহারের জন্য কোন সোফা না থাকায় ০১ সেট নতুন সোফা ক্রয় করা প্রয়োজন। এছাড়া উপজেলা পরিষদের কনফারেন্স রুমের ব্যবহারের জন্য ২০টি উন্নতমানের চেয়ার ক্রয় করা প্রয়োজন। সভায় এ বিষয়ে বিস্তারিক আলোচনা হয়। (খ) অমর একুশে ফেব্রুয়ারি-২০২১ উদ্‌যাপনে পর্যাপ্ত পরিমাণ বরাদ্দ না থাকায় উপজেলার কর্মসূচির আয়োজন ব্যতীত ২২,৪৮০/- টাকা ব্যয়িত হয়। সভায় এ বিষয়ে বিস্তারিক আলোচনা হয়। (গ) উপজেলা পরিষদের চেয়ারম্যান, ভাইস চেয়ারম্যান ও মহিলা ভাইস চেয়ারম্যানের ফেব্রুয়ারি ২০২১ মাসের সম্মানিভাতা এবং ভ্রমন বিল সভায় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।	(ক) উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়ে জন্য ১ সেট ডাবল সোফা, ভাইস চেয়ারম্যান এর দপ্তরের জন্য চেয়ার, সেক্রেটারিয়েট টেবিল, রিভলভিং চেয়ার, টি-টেবিল এবং উপজেলা পরিষদ কনফারেন্স রুমের জন্য ২০টি উন্নতমানের চেয়ার কেনা হবে। উক্ত ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (খ) অমর একুশে ফেব্রুয়ারি-২০২১ উদ্‌যাপনে বাবদ অতিরিক্ত ব্যয়িত ২২,৪৮০/- (বাইশ হাজার চারশত আশি) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়। (গ) উপজেলা পরিষদের চেয়ারম্যানের সম্মানি ও বাড়ি ভাড়া বাবদ ৪৫,০০০/- টাকা এবং ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা, মহিলা ভাইস চেয়ারম্যানের ২৭,০০০/- টাকা হারে ফেব্রুয়ারি-২০২০ মাসের সম্মানিভাতা বাবদ মোট ৯৯,০০০/- (নিরানব্বই হাজার) টাকা এবং উপজেলা পরিষদের চেয়ারম্যানের ১১,২৫০/-	১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ ২. উপজেলা নির্বাহী অফিসার ৩. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ ৪. মহিলা ভাইস চেয়ারম্যান ৫. সংশ্লিষ্ট দপ্তর প্রধান (সকল)

ক্র: নং	আলোচনার বিষয়বস্তু	সিদ্ধান্ত	বাস্তবায়নে
১	২	৩	৪
		টাকা, ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা এবং মহিলা ভাইস চেয়ারম্যানের ১০,০০০/- টাকা হারে ফেব্রুয়ারি-২০২১ মাসের ভ্রমণ ভাতা বাবদ মোট ৩১,২৫০/- (একত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকাসহ সর্বমোট =১,৩০,২৫০/- (এক লক্ষ ত্রিশ হাজার দুই শত পঞ্চাশ) টাকা সভায় অনুমোদিত সাপেক্ষে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	
	(ঘ) উপজেলা পরিষদ মিলনায়তনের চেয়ার-টেবিল মেরামত বাবদ ২৪,৭৮০/- টাকা ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।	(ঘ) উপজেলা পরিষদ মিলনায়তনের চেয়ার-টেবিল মেরামত বাবদ ২৪,৭৮০/- (চব্বিশ হাজার সাতশত আশি টাকা ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	
	(ঙ) দেশব্যাপী করোনার বিস্তার এবং এ বিষয়ে জনসচেতনতা এবং কোভিড-১৯ এর টিকা গ্রহণে জনসাধারণকে উদ্বুদ্ধ করণের লক্ষ্যে সমগ্র উপজেলায় সকল (০৯টি) ইউনিয়নে এবং পৌরসভায় মাইকিং করানো হয় এবং এতে ১৬,৮০০/- টাকা ব্যয়ের বিষয়ে আলোচনা হয়।	(ঙ) করোনা সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধি এবং টিকা গ্রহণে জনসাধারণকে উদ্বুদ্ধ করণের লক্ষ্যে মাইকিং বরাদ্দ খরচ ১৬,৮০০/- (ষোলো হাজার আটশত) টাকা উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	
	(চ) উপজেলা পরিষদের শিল্পকলা একাডেমি ও তৎসংলগ্ন এলাকার ঘাস কাটা ও পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য ১৬,২০০/- টাকা ব্যয় হয়। উক্ত ব্যয় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করা হয়।	(চ) উপজেলা পরিষদের শিল্পকলা একাডেমি ও তৎসংলগ্ন এলাকার ঘাস কাটা ও পরিষ্কার-পরিচ্ছন্নতার জন্য ব্যয়ীত ১৬,২০০/- (ষোলো হাজার দুইশত) টাকা ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	
	(ছ) উপজেলা পরিষদে ন্যস্ত ১৫ জন আনসারের ব্যবহারের জন্য ০২টি সিলিং ফ্যান বাবদ ৫,৬৬০/- টাকা এবং ৪ মাসে ব্যবহৃত ৮টি গ্যাস সিলিন্ডার বাবদ ৮,০৮০ টাকাসহ মোট ১৩,৭৪০/- (তেরো হাজার সাতশত চল্লিশ) টাকা ব্যয় অনুমোদনের জন্য সভায় প্রস্তাব উপস্থান করা হয়।	(ছ) উপজেলা পরিষদে ন্যস্ত ১৫ জন আনসারের ব্যবহারের জন্য ০২টি সিলিং ফ্যান বাবদ ৫,৬৬০/- টাকা এবং ০৪ মাসে ব্যবহৃত ৮টি গ্যাস সিলিন্ডার বাবদ ৮,০৮০ টাকাসহ মোট ১৩,৭৪০/- (তেরো হাজার সাতশত চল্লিশ) টাকা ব্যয় উপজেলা পরিষদ রাজস্ব তহবিল হতে প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।	

অতঃপর সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যগণকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

আবুল কালাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
বোরহানউদ্দিন, ভোলা।

স্মারক নং- স্মারক নং-০৫.১০.০৯২১.০০০.০৬.০০২.২০-**১৬৭/১**

তারিখ: ২৯ ফাল্গুন ১৪২৭ বঙ্গাব্দ
১৪ মার্চ ২০২১ খ্রি.

অনুলিপি সদয় অবগতির জন্য:

১. মাননীয় জাতীয় সংসদ সদস্য ভোলা-২।
২. সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. জেলা প্রশাসক, ভোলা।
৪. উপপরিচালক, স্থানীয় সরকার, ভোলা।
৫. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক), ভোলা।

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

৬. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
৭. মেয়র, বোরহানউদ্দিন পৌরসভা, ভোলা।
৮. ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা ।
৯. মহিলা ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১০. উপজেলা .... কর্মকর্তা (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১১. চেয়ারম্যান .... ইউনিয়ন পরিষদ (সকল), বোরহানউদ্দিন, ভোলা।
১২. জনাব .... সদস্য উপজেলা পরিষদ, বোরহানউদ্দিন, ভোলা।
১৩. সংরক্ষণ নথি।

১৪/০৩/২১

মো. সাইফুর রহমান
উপজেলা নির্বাহী অফিসার
বোরহানউদ্দিন, ভোলা।